গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.২০.০০০০.০০৪.০৩৩.০১৬.২০১৬/ ২৯৭০ তারিখ: ১১ মাঘ ১৪২৫ / ২৪ জানুয়ারি ২০১৯

বিষয়: মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় (৬ষ্ঠ-১০ম শ্রেণি) স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০১৯।

সূত্র:(১) ৩৭.২০.০০০০.০৭২.০৬.০৭৬.২২৭ তারিখ: ১৩ মে ২০১৫।

সূত্র:(২)৩৭.০০.০০০০.০৭২.৪৪.৪১.১৭.৩০৩ তারিখ: ০৬ জানুয়ারি ২০১৯।

উপযুর্ক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৫ সনে প্রথমবারের মতো সারাদেশে প্রতিটি উপজেলা ও মহানগরের ১ টি মাধ্যমিক বিদ্যালয় (সহশিক্ষা), ১ টি দাখিল মাদ্রাসা এবং ১ টি কারিগরি বিদ্যালয়ে (যদি থাকে) সরাসরি নির্বাচনের মাধ্যমে ১০৪৩ টি শিক্ষা প্রতিষ্ঠানে উৎসব মুখর ও সফলভাবে স্টুডেন্টস কেবিনেট গঠন করা হয় এবং সফলতার ধারাবাহিকতায় ২০১৬,২০১৭ও ২০১৮ সালে দেশের সকল মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রসায় স্টুডেন্টস কেবিনেট নির্বাচন অনুষ্ঠিত হয়। ছাত্র-ছাত্রীদের সরাসরি ভোটে নির্বাচিত স্টুডেন্টস কেবিনেট গণতন্ত্রের চর্চা এবং ইতিবাচক গঠনমূলক ও সৃজনশীল সফল কার্যক্রম বাস্তবায়নের পাশাপাশি শিক্ষার্থীদের আরো দায়িত্বশীল ও পাঠ মনোযোগী করার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

২। ২০১৯ সনের **স্টুডেন্টস কেবিনেট নির্বাচন** ২০১৯ উপলক্ষ্যে কর্মপরিকল্পনা ও নির্বাচনী তফসিল এতদসঙ্গে প্রেরণ করা হলো। কর্মপরিকল্পনা ও নির্বাচনী তফসিল অনুযায়ী আগামী ২ মার্চ ২০১৯ তারিখ শনিবার দেশে সকল মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় সকাল ৯.০০ টা থেকে দুপুর ০২.০০ টা পর্যন্ত বিরতিহীনভাবে **স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০১৯** অনুষ্ঠিত হবে। কেবলমাত্র মাধ্যমিক পর্যায়ের (৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি) শিক্ষা প্রতিষ্ঠানে **স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০১৯** আয়োজনের জন্য উপযুক্ত বলে বিবেচিত হবে। অন্য কোন পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠান যেমন: নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ এবং আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসা এ নির্বাচনের আওতায় বিবেচিত হবে না।

৩। এমতাবস্থায়, কর্মপরিকল্পনা ও নির্বাচনী তফসিল অনুযায়ী তাঁর জেলা ও উপজেলা/থানার মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় **স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০১৯** অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য এবং প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান ব্যানবেইস ওয়েবসাইটে **স্টুডেন্টস কেবিনেট** মেনুতে প্রবেশ করে Institute Login প্যানেলে User ID (সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের EIIN ) ও Password ( 123456 ) দিয়ে Login করে নির্দিষ্ট ছকে সকল তথ্য ফোকাল পয়েন্ট ও মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) বরাবরে আগামী ২৮ জানুয়ারি ২০১৯ এর মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

২৪/১/১৯
(প্রফেসর ড.সৈয়দ মো.গোলাম ফারুক)
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
ফোন:৯৫৫৩৫৪২
ইমেইল:dg@dshe.gov.bd

সংযুক্ত: বর্ণনামতে

(১) জেলা শিক্ষা অফিসার (সকল)
জেলা:...............

(২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
উপজেলা:...................... জেলা:...............

(৩) প্রধান শিক্ষক/সুপার..................................
উপজেলা:....................... জেলা:..............

স্মারক নং: ৩৭.২০.০০০০.০০১.০৩৬.০০১.২০১৬/2290/2(৮) তারিখ: ১১ মাঘ ১৪২৫
২৪জানুয়ারি ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

(১) মহাপরিচালক,বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ।
(২) জেলা প্রশাসক (সকল), জেলা:......................
(৩) আঞ্চলিক পরিচালক, ঢাকা/চট্রগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/কুমিল্লা/ময়মনসিংহ।
(৪) আঞ্চলিক উপপরিচালক, ঢাকা/চট্রগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/কুমিল্লা/ময়মনসিংহ।
(৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা:.................... জেলা: ........................
(৬) সহকারী প্রোগ্রামার, ইউআইটিআরসিই ,উপজেলা:.................. জেলা: .......................

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:
(১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(২) সচিব,কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মো: ফসিউল্লাহ)
মহাপরিচালক ও অতিরিক্ত সচিব,ব্যানবেইস
ও
ফোকাল পয়েন্ট, স্টুডেন্টস কেবিনেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
www.dme.gov.bd

স্মারক নং ৫৭.২৫.০০০০.০০১.০৫.০০৬.১৫-০১৮/১ তারিখ: ২৯.০১.২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মো: সাইফুল ইসলাম
উপ-পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

**বিতরণ:**
১.অধ্যক্ষ,সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা/সরকারি আলিয়া মাদরাসা, সিলেট/সরকারি মোস্তাফাবিয়া আলিয়া মাদরাসা,বগুড়া
২.জেলা শিক্ষা অফিসার (সকল)
৩.মাধ্যমিক শিক্ষা অফিসার(সকল)
৪.অধ্যক্ষ/সুপার..... মাদ্রাসা/পো:.....উপজেলা.......জেলা

অনুলিপি:
১.সচিব মহোদয়ের একান্ত সচিব,কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

কর্মপরিকল্পনা ও তফসিল:

<u>কর্মপরিকল্পনা</u>

| ক্রমিক | বিষয় | সময়সীমা | দায়িত্ব |
|---|---|---|---|
| (১) | অন লাইনে মাঠ পর্যায়ে ম্যানুয়াল এবং প্রয়োজনীয় পত্র প্রেরণ | ২৬ জানুয়ারি ২০১৯ শনিবার | মহাপরিচালক, ব্যানবেইস |
| (২) | বিদ্যালয় ও মাদ্রাসা নির্বাচন করে তালিকা ব্যানবেইসে প্রেরণ | ২৮ জানুয়ারি ২০১৯ সোমবার | জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| (৩) | প্রতিষ্ঠান প্রধান ও ম্যানেজিং কমিটির সভাপতিগণকে অবহিতকরণ | ২৯ জানুয়ারি ২০১৯ মঙ্গলবার | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| (৪) | প্রতিষ্ঠান পর্যায়ে ম্যানেজিং কমিটি, শিক্ষক, অভিভাবক ও ছাত্র ছাত্রীদের অবহিতকরণ | ৩০ জানুয়ারি ২০১৯ বুধবার | প্রতিষ্ঠান প্রধান |
| (৫) | নির্বাচন কমিশন নিয়োগ | ৩১ জানুয়ারি ২০১৯ বৃহস্পতিবার | প্রতিষ্ঠান প্রধান |
| (৬) | ভোটার তালিকা প্রকাশ ও নির্বাচনের তফসিল ঘোষণা | ৬ ফেব্রুয়ারি ২০১৯ বুধবার | প্রতিষ্ঠান প্রধান ও নির্বাচন কমিশন |
| (৭) | নির্বাচন | ২ মার্চ ২০১৯ শনিবার | প্রতিষ্ঠান প্রধান ও নির্বাচন কমিশন |
| (৮) | অন লাইনে নির্বাচন সংক্রান্ত প্রতিবেদন ব্যানবেইস এ প্রেরণ | ২ মার্চ ২০১৯ শনিবার | প্রতিষ্ঠান প্রধান ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

<u>তফসিল</u>

| ক্রমিক | বিষয় | সময়সীমা | দায়িত্ব |
|---|---|---|---|
| (১) | মনোনয়নপত্র আহ্বান | ১০ ফেব্রুয়ারি ২০১৯ রবিবার | নির্বাচন কমিশন |
| (২) | মনোনয়নপত্র সংগ্রহ ও জমা | ১২ ফেব্রুয়ারি ২০১৯ মঙ্গলবার | নির্বাচন কমিশন |
| (৩) | মনোনয়নপত্র বাছাই ও বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ | ১৯ ফেব্রুয়ারি ২০১৯ মঙ্গলবার | নির্বাচন কমিশন |
| (৪) | মনোনয়নপত্র প্রত্যাহার এবং চূড়ান্ত তালিকা প্রকাশ | ২০ ফেব্রুয়ারি ২০১৯ বুধবার | নির্বাচন কমিশন |
| (৫) | প্রার্থী পরিচিতি | ২৬ ফেব্রুয়ারি ২০১৯ মঙ্গলবার | নির্বাচন কমিশন |
| (৬) | ভোট গ্রহণ (সকাল ৯.০০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত) এবং ফলাফল প্রকাশ | ২ মার্চ ২০১৯ শনিবার | নির্বাচন কমিশন |